গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর।
http://food.rangpurdiv.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নং ঃ ১৩.০১.০০০০.০০২.০৬.০৩৪.১৬.১১১০ তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রিঃ।

# সভার নোটিশ

আগামী ৩১/০৮/২০২২ তারিখ রোজ বুধবার বেলা ৪.০০ ঘটিকায় জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর এর সম্মেলন কক্ষে অংশীজনদের (Stakeholders) সাথে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় রংপুর মহানগরীর ওএমএস ডিলার সহ সংশ্লিষ্ট অংশীজনদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

**সভার আলোচ্য বিষয়ঃ**

১। সুশাসন প্রতিষ্ঠা;
২। সেবা প্রদান বিষয়ে অবহিতকরণ;

স্বাঃ—
(মোঃ আশরাফুল আলম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর
ফোনঃ ০২৫৮৯৯৬৭২৮০।
rcf.rng@dgfood.gov.bd

স্মারক নং ঃ ১৩.০১.০০০০.০০২.০৬.০৩৪.১৬.১১১০ তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

১. পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
৪. সিস্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালকের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা(মহাপরিচালক গ্রেড-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রশাসন/হিসাব/মজুত/সংগ্রহ/চলাচল/নেজারত/অডিট/করিগরি শাখা, এ কার্যালয়।
৭. আইসিটি শাখা, অত্র কার্যালয়। অত্র কার্যালয়ের ওয়েবপোটাল-এ আপলোড করার নির্দেশ প্রদান করা হল।
৮. জনাব/মেসার্স------------------------------------ ডিলার, ----------------------------------।
৯. দপ্তর নথি।

28.08.22

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর
২৮/৮/২২

D:\RCF Part-2\4. শুদ্ধাচার\Corosponding.doc70

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
http://food.rangpurdiv.gov.bd
www.dgfood.gov.bd

## জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর এ অংশীজনদের (Stakeholders) রংপুর মহানগর ওএমএস ডিলারগণের সাথে গত ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি: মোঃ আশরাফুল আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
সভার তারিখ ও সময়: ৩১, আগষ্ট, ২০২২; বিকাল ৪:০০টা
সভার স্থান: সভাকক্ষ, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর।
সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

**সভার প্রারম্ভে সভায়** উপস্থিত অংশীজনদেরকে**(Stakeholders)** ও সকল সদস্যগণকে সভাপতি স্বাগত জানান অতপর কুশল বিনিময় শেষে আলোচনা সূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচিতে পর্যায়ক্রমে উপস্থাপন করা হলে বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | সুশাসন প্রতিষ্ঠা | সভাপতি আলোচনার শুরুতে বলেন যে, সরকারি কাজে সুশাসন বলতে যে কোন সিদ্ধান্ত গ্রহণ/বাস্তবায়নের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা, সকলের অংশ গ্রহণ ও নিরপেক্ষতা নিশ্চিত করাকে বুঝায়। তাই সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে অংশীজনদের **(Stakeholders)** যার যার অবস্থান থেকে স্বচ্ছতা, জবাবদিহিতা, সকলের অংশ গ্রহণ ও নিরপেক্ষতাভাবে খাদ্য বিভাগীয় কার্যক্রম সমূহ বাস্তবায়ন সহ ওএমএস খাতে বরাদ্দকৃত ১০০% চাল/আটা যাতে ভোক্তাদের মাঝে পৌঁছে সে বিষয়ে সচেষ্ট থাকতে সভাপতি উপস্থিত সকলকে অনুরোধ করেন। সভাপতি বলেন ডিলার/মিলার উভয়ে সরকারের অংশ তাদের মাধ্যমেই সরকার নিম্নআয়ের মানুষের জন্য ওএমএস বাস্তবায়ন করে থাকে। সরকারের এই মানবিক কার্যক্রমে যাতে কোন অনিয়ম না হয় সেজন্য ডিলার মিলার সহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। সভাপতি ওএমএস, বিলি-বিতরণ প্রচলিত আইন, নীতি/বিধি-বিধান অনুসরণপূর্বক সচ্ছতার সহিত বাস্তবয়নের নির্দেশ প্রদান করেন।<br>সভায় উপস্থিত অংশীজনগণ স্ব-স্ব কর্মক্ষেত্রে প্রচলিত আইন, নীতি/বিধি-বিধান অনুসরণপূর্বক সচ্ছতার সাথে কাজ করার আঙ্গীকার করেন। | সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে অংশীজনদের **(Stakeholders)** যার যার অবস্থান থেকে স্বচ্ছতা, জবাবদিহিতা, সকলের অংশ গ্রহণ ও নিরপেক্ষতাভাবে খাদ্য বিভাগীয় কার্যক্রম সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও ওএমএস খাতে বরাদ্দকৃত ১০০% চাল/আটা যাতে ভোক্তাদের মাঝে পৌঁছে এবং বিলি-বিতরণ প্রচলিত আইন, নীতি/বিধি-বিধান অনুসরণপূর্বক সচ্ছতার সহিত বাস্তবয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সদর/ভারপ্রাপ্ত কর্মকর্তা, রংপুর সদর এলএসডি/মিলার/ওএমএস ডিলারসহ অন্যান্য সংশ্লিষ্ট অংশীজন। |

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|---|
| ২. | ওএমএ স | সভায় উপস্থিত জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর জানান যে, রংপুর মহানগরীতে চাল/আটার বাজার দর নিয়ন্ত্রণ ও দরিদ্র জন সাধারণকে কম মূল্যে চাল, আটা প্রদানের লক্ষ্যে ৭৭ জন ডিলারের মধ্যে পর্যায়ক্রমে দৈনিক ১৭ জন ডিলারের মাধ্যমে ১.০০০ মে. টন চাল ও .৫০০ মে. টন আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। আগামী ০১/০৯/২০২২ খ্রি. তারিখ হতে শুরু হতে যাওয়া বিশেষ ওএমএস কার্যক্রমের আওতায় ১৭ জন ডিলারের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক ২.০০০ মে. টন চাল ও .৫০০ মে. টন আটা বিক্রয় এবং ৮টি ট্রাকসেলের মাধ্যমে ডিলার প্রতি দৈনিক ২.০০০ মে. টন করে চাল বিক্রয় কার্যক্রম পরিচালিত হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনায় ডিলারগণকে আরো তৎপরতার সঙ্গে বিক্রয় কার্যক্রম পরিচালনার তাগিদ প্রদান করা হয়। বিশেষ ওএমএস কার্যক্রমের আওতায় টিসিবি কার্ডধারীগণকে অগ্রাধিকার ভিত্তিতে ৫ কেজি করে চাল মাসে দুইবার প্রতিকেজি ৩০/- দরে ক্রয় করতে পারবেন। প্রতিটি বিক্রয় কেন্দ্রে টিসিবি কার্ডধারী এবং কার্ড বহির্ভূত ভোক্তগণের পৃথক লাইনের ব্যবস্থা করার অনুরোধ করা হয়। টিসিবি কার্ডধারীগণ টিসিবি কার্ড প্রদর্শন করে সেক্ষেত্রে টিসিবি কার্ডধারীর টিসিবি কার্ড পাঞ্চ মেশিন দিয়ে ফুটা করা/ডিলারের স্বাক্ষর সম্বলিত সিল প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | ক) আগামী ০১/০৯/২০২২ খ্রি. তারিখ হতে শুরু হতে যাওয়া বিশেষ ওএমএস কার্যক্রমে টিসিবি কার্ডধারীগণকে অগ্রাধিকার পাবেন এবং প্রতিটি বিক্রয় কেন্দ্রে টিসিবি কার্ডধারী এবং কার্ড বহির্ভূত ভোক্তগণের পৃথক লাইনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। টিসিবি কার্ডধারীগণ কার্ড প্রদর্শনপূর্বক প্রতিকেজি চাল ৩০/- টাকা দরে ৫ কেজি করে মাসে দুইবার সর্বমোট ১০ কেজি চাল ক্রয় করতে পারবেন। টিসিবি কার্ডধারী ভোক্তার টিসিবি কার্ড পাঞ্চ মেশিন দিয়ে ফুটা করে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>খ) বিক্রয়কেন্দ্রে ডিলার বা তার কোন কর্মচারীর কোন অনিয়ম, আত্নসাৎ চেষ্টা পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ—
(মোঃ আশরাফুল আলম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর।
ফোন- ০২৫৮৯৯৬৭২৮০
rcf.rng@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.২৬১.৩২.০০৪.২২.
তারিখঃ ০৪/০৯/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে
১. পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
৪. সিস্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালকের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা(মহাপরিচালক গ্রেড-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর সদর।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রংপুর সদর এলএসডি, রংপুর।
৮. প্রশাসন/হিসাব/মজুত/সংগ্রহ/চলাচল/নেজারত/অডিট/করিগরি শাখা, এ কার্যালয়।
৯. আইসিটি শাখা, অত্র কার্যালয়। অত্র কার্যালয়ের ওয়েবপোর্টাল-এ আপলোড করার নির্দেশ প্রদান করা হল।
১০. জনাব/মেসার্স------------------------------------ ডিলার, ---------------------------------।
১১. দপ্তর নথি।

০৪.০৯.২২

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর।
০৪/৯/২২